

ডিও নং-বিআইজিএম/অর্গা/০৫/১০/২০১৫-৩২৪৬/৪৯

সচিবের দপ্তর  
খাদ্য মন্ত্রণালয়

তারিখ ২০.০৮.২০১৭খ্রি:

<input checked="" type="checkbox"/> অতিঃ সচিব (প্রশাসন)	<input type="checkbox"/> মহা-পরিচালক, খাদ্য অধিদপ্তর
<input type="checkbox"/> অতিঃ সচিব (পরিঃ ও উন্নঃ)	<input type="checkbox"/> মহা-পরিচালক, প্রকৃতিপ্রময়ইউ
<input type="checkbox"/> অতিঃ সচিব (সংঃ ও সঙ্গঃ)	<input type="checkbox"/> চেয়ারম্যান, বা.নি.খা.ক.
<input type="checkbox"/> মুখ্য সচিব (বাজেট ও অডিট)	<input type="checkbox"/> আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর
<input type="checkbox"/> মুখ্য সচিব.....	<input type="checkbox"/> সচিবের একান্ত সচিব
নং- ৩৫২৭	
তারিখ- ২০/৮/১৭	স্বাক্ষর

আমার আন্তরিক শুভেচ্ছা নেবেন।

২। আপনি অবগত আছেন যে, Bangladesh Institute of Governance and Management (BIGM)-সরকারের সাহায্যপুষ্ট, জনপ্রশাসনের আওতাধীন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত একটি শিক্ষা প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানটি Masters in Public Affairs (MPA) Programme এর আওতায়- ০১. Governance and Public Policy, ০২. International Economic Relations (IER) এবং ০৩. Human Resource Management-এই তিনটি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী প্রদান করে আসছে। ৪-সেমিস্টারব্যাপী এই মাস্টার্স প্রোগ্রামের শিক্ষার্থী প্রতি সার্বিক ব্যয় তুলনামূলকভাবে অনেক কম যা সরকারি কর্মকর্তাদের ক্ষেত্রে নিতান্তই নামমাত্র এবং কোর্সটি সাধারণত সাক্ষ্যকালীন।

৩। এ প্রতিষ্ঠানটি ক্রমাগতভাবে কারিকুলা আন্তর্জাতিক মানে উন্নীতকরণ, নতুন নতুন প্রোগ্রাম অন্তর্ভুক্তকরণ, গবেষণা-পর্ব পরিচালনা এবং জনপ্রশাসনের চাহিদাভিত্তিক প্রশিক্ষণ পরিচালনার মাধ্যমে সরকারের রূপকল্প ও সরকারের অঙ্গীকারকৃত SDGs (টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা) পূরণে সহায়ক ভূমিকা রাখার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। এ প্রতিষ্ঠানটি থেকে এ পর্যন্ত যতজন শিক্ষার্থী ডিগ্রী লাভ করেছেন, তার প্রায় ৫০ শতাংশ সরাসরি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় কর্মরত।

৪। অন্যান্য বছরের মতো এবছরও (শিক্ষাবর্ষ ২০১৭-১৮) ০১. Governance and Public Policy, ০২. International Economic Relations (IER) এবং ০৩. Human Resource Management-এই তিনটি বিষয়ে শিক্ষার্থী ভর্তির বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে, যা এর সাথে সংযুক্ত করা হলো। উল্লেখ্য, এ সংক্রান্ত দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ১৬ সেপ্টেম্বর, ২০১৭খ্রি:। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য আমাদের ওয়েব-সাইট [www.bigm.edu.bd](http://www.bigm.edu.bd)-এ পাওয়া যাবে এবং সংশ্লিষ্ট Link টি নিম্নে দেওয়া হলো।

<http://www.bigm.edu.bd/Bigm/News/ShowNews?NewsId=45>

৫। BIGM-এর ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ভর্তির বিজ্ঞপ্তি (ক) আপনার মন্ত্রণালয়ের Website-এ প্রকাশের মাধ্যমে সকল মন্ত্রণালয়, বিভাগ ও অধিদপ্তরে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং (খ) আপনার আওতাধীন সরকারি কর্মকর্তাদের উল্লিখিত প্রোগ্রামগুলোতে অংশগ্রহণে উৎসাহিত করার জন্য আপনাকে সানুগ্রহ অনুরোধ জানাচ্ছি।

শুভ কামনা

ড. মোহাম্মদ তারেক

(ড. মোহাম্মদ তারেক)

পরিচালক

জনাব মোঃ কায়কোবাদ হোসেন

সচিব

খাদ্য মন্ত্রণালয়

ভবন # ৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৪/৮/১৭  
২৭/৮/১৭

যুগ্মসচিব (প্রশাসন-১) দপ্তর

<input checked="" type="checkbox"/>	সচিবের দপ্তর
<input type="checkbox"/>	সচিবের একান্ত সচিব
<input type="checkbox"/>	সচিবের একান্ত সচিব
নম্বর	২৫২
তা	২০/৮/১৭